

অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা
(Grievance Redress System)

ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি সকলের সকল প্রকার অভিযোগের মূল্যায়ন ও তা প্রতিকারের সুব্যবস্থা করে থাকে, তাই এখানকার কর্মকর্তা, কর্মচারী এবং প্রশিক্ষার্থীগণ সুবিচার পেয়ে থাকেন।

১. প্রশিক্ষার্থীগণের জন্য অভিযোগ প্রতিকার পদ্ধতি:

- ১.১ শিক্ষার্থীগণ কর্তৃক সকল প্রকার অভিযোগ ব্যক্তিগত ভাবে উপস্থাপন করতে হবে। কোন অবস্থাতেই সম্মিলিত ভাবে অভিযোগ করা যাবে না এবং একই শিক্ষার্থীর একই বিষয়ে বারবার অভিযোগ গ্রহণ যোগ্য হবে না।
- ১.২ সকল অভিযোগ ক্যাডেট ক্যাপ্টেন এর মাধ্যমে এ্যাডজুটেন্টের নিকট উপস্থাপন করতে হবে। কোন অবস্থাতেই কোন অবাস্তব অভিযোগ উপস্থাপন করা যাবে না।
- ১.৩ যে সকল অভিযোগ কমান্ড্যান্টের বিবেচনায় আনা প্রয়োজন তা এ্যাডজুটেন্ট/ দিনের কর্তব্যরত অফিসার (ও ও ডি) কমান্ড্যান্টের নিকট উপস্থাপন করবেন এবং কমান্ড্যান্টের সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২. কর্মচারীগণের জন্য:

- ২.১ অত্র প্রতিষ্ঠানের কর্মচারীগণ উর্ধ্বতন সিপিও এর নিকট তার অভিযোগ উপস্থাপন করবেন।
- ২.২ সিপিও উক্ত অভিযোগ এ্যাডজুটেন্টের নিকট উপস্থাপন করবেন।
- ২.৩ এ্যাডজুটেন্ট সিদ্ধান্তের জন্য ডেপুটি কমান্ড্যান্টের নিকট পেশ করবেন এবং তিনি কমান্ড্যান্টের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩. কর্মকর্তাগণের জন্য:

- ৩.১ কর্মকর্তাগণ তার নিজস্ব অভিযোগ সরাসরি কমান্ড্যান্টের নিকট উপস্থাপন করবেন এবং কমান্ড্যান্টের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৪. অভিযোগ বাক্স:

- ৪.১ সকল শিক্ষার্থী এবং কর্মচারীগণের জন্য আই এম এর সুবিধাজনক স্থানে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। যদি কোন শিক্ষার্থী বা কর্মচারী মনে করেন যে কোন অভিযোগ সরাসরি বলা সমীচীন হবে না সেই ক্ষেত্রে তিনি তার অভিযোগ “অভিযোগ বাক্সে” ফেলতে পারবেন।

- ৪.২ অভিযোগ বাক্স ডেপুটি কমান্ড্যান্ট নির্দিষ্ট সময় অন্তর অন্তর খুলবেন এবং রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।

৪.৩ ডেপুটি কমান্ড্যান্ট প্রাপ্ত অভিযোগের বিষয়ে কমান্ড্যান্টের সাথে আলোচনা সাপেক্ষে কমান্ড্যান্টের সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহন করবেন।

৫. অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তা:

৫.১ শিক্ষার্থীগণের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হবেন এ্যাডজুটেন্ট এবং কর্মকর্তা ও কর্মচারীগণের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা হবেন ডেপুটি কমান্ড্যান্ট।

৫.২ সকল ক্ষেত্রেই আপিল কর্মকর্তা হবেন কমান্ড্যান্ট।